# সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১১৬৯

২/ সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৬৫. ইসতিসকার নামায আদায়কালে দুই হাত তুলে দুয়া করা।

باب رَفْعِ الْيَدَيْنِ فِي الاِسْتِسْقَاءِ

আরবী

حَدَّثَنَا ابْنُ أَبِي خَلَفٍ، حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عُبَيْدٍ، حَدَّثَنَا مِسْعَرٌ، عَنْ يَزِيدَ الْفَقِيرِ، عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ، قَالَ أَتَتِ النَّبِيَّ صلى الله عليه وسلم بَوَاكِي فَقَالَ " اللَّهُمَّ اسْقِنَا غَيْثًا مُغِيثًا مَرِيئًا مَرِيعاً نَافِعًا غَيْرَ ضَارٍّ عَاجِلاً غَيْرَ آجِلٍ " . قَالَ فَأَطْبَقَتْ عَلَيْهِمُ السَّمَاءُ .

বাংলা

১১৬৯. ইবনে আবু খালাফ (রহঃ) ..... জাবের ইবনে আব্দুল্লাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর খিদমতে কিছু লোক বৃষ্টি না হওয়ার কারণে ক্রন্দনরত অবস্থায় আগমন করে (বৃষ্টির জন্য দোয়া করতে বলে)। তখন তিনি এই দোয়া করেনঃ “হে আল্লাহ্! আমাদের জন্য এমন বৃষ্টি বর্ষণ করুন যা আমাদের জন্য কল্যাণকর এবং মঙ্গলজনক হয়, ফলমূল ও ফসলাদি উৎপাদনে সহায়ক হয়, যা আমাদের জন্য অপকারী না হয়ে উপকারী হয় এবং তা বিলম্বের পরিবর্তে অবিলম্বে দান করুন”। রাবী বলেন এই দুয়ার সাথে সাথেই আকাশ মেঘাচ্ছন্ন হয়ে বৃষ্টিপাত শুরু হয়।

## English

Narrated Jabir ibn Abdullah:

The people came to the Prophet (ﷺ) weeping (due to drought). He said (making supplication): O Allah! give us rain which will replenish us, abundant, fertilising and profitable, not injurious, granting it now without delay. He (the narrator) said: Thereupon the sky became overcast.

ফুটনোট

'আবদ ইবনু হুসাইদ (১১২৫) , ইবনু খুযাইমাহ (১৪১৬) মুহাম্মাদ ইবনু 'উবাইদ হতে। এর বিশুদ্ধ শাহিদ বর্ণনা

রয়েছে ইবনু মাজাহ কা'ব ইবনু মুররাহ ও ইবনু 'আব্বাস হতে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=32528

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন